দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 7 1999 ...
পৃষ্ঠা ... ৭৭ ... কলাম ... ২ ...

102

# সন্তোষে মওলানা ভাসানীর নামে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে

**টাঙ্গাইল থেকে জেলা সংবাদদাতা ঃ** মজলুম জননেতা মওলানা ভাসানীর নামে টাঙ্গাইলের সন্তোষে একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে বলে সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে। দেশের ১২টি পুরাতন বৃহত্তর জেলায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সরকারী সিদ্ধান্তের প্রেক্ষিতে সন্তোষে এই বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপিত হবে। জানা যায়, স্থান নির্বাচন কমিটি সম্প্রতি টাঙ্গাইলে একটি সভা আহবান করে। মন্ত্রিপরিষদ সচিব আতাউল হকের সভাপতিত্বে টাঙ্গাইলে অনুষ্ঠিত এই সভায় বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ এতে উপস্থিত ছিলেন। সভায় বিশিষ্ট রাজনীতিক আওয়ামী লীগ নেতা আবদুল মান্নান এমপি এই বিশ্ববিদ্যালয়টি মওলানা ভাসানীর নামে সন্তোষে স্থাপনের দাবী জানালে সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। সরকার সন্তোষে জমিদার বাড়ীর জমিতেই এই বিশ্ববিদ্যালয়টি স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে। এই বিশ্ববিদ্যালয়ের প্রথম শিক্ষাবর্ষে গড়ে ৩শ' ছাত্র-ছাত্রী ভর্তির সুযোগ পাবে।

সূত্রে জানা গেছে, প্রথম পর্যায়ে আগামী দুই হাজার দুই সালের জুন মাসের মধ্যে টাঙ্গাইল, ফরিদপুর, রংপুর, পটুয়াখালী, পার্বত্য চট্টগ্রাম ও দিনাজপুরে ৬টি নতুন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর আধুনিক বিশ্বের উপযোগী উচ্চ শিক্ষা পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যেই এই বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপিত হচ্ছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট জেলাসমূহে বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ১০ কোটি ৫৭ লাখ টাকা প্রাথমিক ব্যয় ধরে একটি প্রকল্প ছাড়পত্র তৈরী করেছে বলে জানা গেছে।